গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা

# এপিএ টীমের ৯ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) |
| সভার তারিখ | ২৩ মার্চ ২০২১ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | অফিস কক্ষ (কক্ষ নং-৯২৫, ৯ম তলা), রেলভবন, ঢাকা। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশ করা হলো। |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা অনুসারে প্রতি মাসে সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সে বিবেচনায় মার্চ মাসে অনুষ্ঠিত এটি ৯ম সভা। করোনাভাইরাসজনিত মহামারীর কারণে বিদ্যমান পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরে এপিএ’র নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের ওপর সভাপতি গুরুত্বারোপ করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য জনাব ওয়াহেদুর রশীদ, সহকারী সচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২)-কে আহবান জানান। জনাব ওয়াহেদুর রশীদ, সহকারী সচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২) আলোচ্যসূচি অনুসরণে সংশ্লিষ্ট বিষয় সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) গত ১৬/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন পর্যালোচনা। | | ৮ম সভার সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়িত হয়েছে। | |
| সিদ্ধান্ত-২(খ): মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএ’র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ, অর্ধবার্ষিক অগ্রগতির ফলাবর্তক/মূল্যায়ন প্রতিবেদন এবং এপিএ মূল্যায়নে প্রযোজ্য প্রমাণক সংগ্রহ/দাখিল। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএ’র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ, অর্ধবার্ষিক অগ্রগতির ফলাবর্তক/মূল্যায়ন প্রতিবেদন এবং এপিএ মূল্যায়নে প্রযোজ্য প্রমাণকের তালিকা সংযুক্ত করে নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রমাণক সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে (অনুবিভাগ প্রধান, রেলপথ মন্ত্রণালয় মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর) ২৫ ফেব্রুয়ারি ২০২১ পত্র প্রেরণ করা হয়েছে। | | |

| | | | |
|---|---|---|---|
| খ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত | সভায় আলোচনা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ-এর প্রণীত এপিএ নির্দেশিকা মোতাবেক ৩য় ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন এপিএ টিম ও বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরিবীক্ষণপূর্বক ১৫ এপ্রিল ২০২১ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে দাখিল ও ওয়েবসাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে, ৩য় কোয়ার্টার (জানুয়ারি - মার্চ ২০২১) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ আগামী ০৪ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় প্রেরণের অনুরোধ জানিয়ে সকলকে পত্র দেয়া হয়েছে। যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভায় আলোচনা হয়। | এপিএ ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৪ এপ্রিল, ২০২১ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টিম ও মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| গ) বিবিধ: কর্মসম্পাদন সূচক ১০০% বাস্তবায়ন | ক) সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতাধীন কার্যক্রমসমূহের প্রতিটি কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা করা হয়। যে সকল সূচকের বাস্তবায়ন ১০০% অর্জিত হয়েছে এবং প্রাপ্ত তথ্যের আলোকে জুন/২০২১ এর পূর্বে যে সকল সূচক ১০০% অর্জিত হবে, সে সকল সূচকের বাস্তবায়নের যথাযথ প্রমাণক বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখায় প্রেরণ করতে হবে মর্মে সকলে একমত পোষণ করেন। | ১০০% অর্জিত সূচক সমূহের প্রমাণক অর্জন হওয়ামাত্র সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখাসমূহ ও মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |

| | | | |
|---|---|---|---|
| | খ) যে সকল সূচক ১০০% বাস্তবায়নে কোন প্রকার সংশয় আছে এবং যেসকল সূচকের সঠিক তথ্য সভায় উপস্থাপন করা সম্ভব হয়নি, এরূপ সূচকের তালিকাসহ বাস্তবায়নে অধিক তৎপর ও তদারকি করে তা অর্জনের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সংস্থা/কর্মকর্তা/ উইং/অধিশাখা/শাখা-কে পত্র মারফত জানাতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে সংশয় আছে বা অর্জনের সঠিক তথ্য উপস্থাপন করা সম্ভব হয়নি এরূপ সূচকসমূহের তালিকা প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সংস্থা/কর্মকর্তা/উইং/অধিশাখা/শাখা |

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সিরাজুল ইসলাম
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০৫.২০.১০

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭
২৮ মার্চ ২০২১

বিতরণ (সদয় কাযার্থে ও জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
২) অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব, আইসিটি ও অডিট অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
৪) সরকারি রেল পরিদর্শক (জিআইবিআর), রেলপথ পরিদর্শন অধিদপ্তর
৫) যুগ্মসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
৬) যুগ্মসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
৭) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
৮) উপসচিব, উন্নয়ন-৩ শাখা, রেলপথ মন্ত্রণালয়
৯) উপসচিব, প্রশাসন-৬ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১০) উপসচিব, প্রশাসন-৪ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
১২) উপসচিব, প্রশাসন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১৩) উপসচিব, প্রশাসন-৩ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১৪) উপসচিব, উন্নয়ন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১৫) উপসচিব, উন্নয়ন-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১৬) উপসচিব, অডিট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়

১৮) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়

১৯) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়

২০) সিনিয়র সহকারী সচিব, অডিট শাখা-১, রেলপথ মন্ত্রণালয়

২১) সহকারী সচিব, পরিকল্পনা-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়

২২) সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা , রেলপথ মন্ত্রণালয়

২৩) উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১ (চলতি দায়িত্ব), উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১ এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

২৪) অতিরিক্ত সচিব, বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ-এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়

ওয়াহেদুর রশীদ
সহকারী সচিব